

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান শাখা-০২

নং-৪৯.০০২.০০৬.০০.০০.২২৫.২০১০/(অংশ-২)- ২৬

তারিখ: ২০ মার্চ ২০১৯

বিষয়: অনুমোদিত নতুন লাইসেন্স এর নামের সংশোধনপূর্বক লাইসেন্স মঞ্জুরী প্রসংগে।

- সূত্র: ক) মন্ত্রণালয়ের স্মারক-৪৯.০০২.০০৬.০০.০০.২২৫.২০১০/(অংশ-২)-৮৮; তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি:।  
খ) বিএমইটি'র স্মারক-৪৯.০১.০০০০.০২০.৩১.২৪৯.১৭-৪৯৫১; তারিখ: ০৯/১১/২০১৭ খ্রি:।  
গ) রিক্রুটিং এজেন্সির ১৮-০৩-২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে লাইসেন্স মঞ্জুরী সংক্রান্ত সূত্রস্থ 'ক' স্মারকের শর্তাবলী বহাল রেখে উক্ত স্মারকের ক্রমিক ২২ -এ 'নদী ট্রাভেলস' নামে অনুমোদিত রিক্রুটিং এজেন্সির নাম সংশোধনপূর্বক 'নদী ট্রাভেলস ইন্টারন্যাশনাল' নামে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো।

আবেদনকারী এজেন্সীর সংশোধিত নাম	লাইসেন্স/প্রতিষ্ঠানের ধরণ
নদী ট্রাভেলস ইন্টারন্যাশনাল	ব্যক্তি মালিকানাধীন

**শর্তাবলী:-**

- নতুন ধার্যকৃত ফি অনুসারে লাইসেন্স প্রদান করতে হবে;
- সংশ্লিষ্ট লাইসেন্স গ্রহণকারীকে ০৩(তিন) মাসের মধ্যে অবশ্যই একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান খুলতে হবে/প্রশিক্ষণ সুবিধা থাকতে হবে;
- নির্বাচিত বাংলাদেশি কর্মীদের বিদেশে প্রেরণের পূর্বে অবশ্যই প্রশিক্ষিত করতে হবে;
- লাইসেন্স সংক্রান্ত সকল ফি ও জামানত এই পত্র জারির ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবসের মধ্যে অবশ্যই জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ফি এবং জামানত জমাকরণে ব্যর্থ হলে কোনরূপ নোটিশ প্রদান ব্যতিরেকে লাইসেন্স প্রদানের অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- লাইসেন্স ইস্যুর পূর্বে হালনাগাদ পুলিশ প্রত্যয়নপত্র, ব্যাংক সনদ/স্টেটমেন্ট, আয়কর প্রত্যয়নপত্র এবং আনুষঙ্গিক বিষয়সমূহ বিএমইটি কর্তৃক যাচাই ও নিশ্চিত করতে হবে;
- রিক্রুটিং লাইসেন্স সংক্রান্ত বর্তমানে বলবৎ এবং ভবিষ্যতে সরকার কর্তৃক প্রণীতব্য সকল আইন/অধ্যাদেশ/বিধি/আদেশ/পরিপত্র/সার্কুলার মেনে চলতে হবে।

০২। সংশোধনী সংক্রান্ত এ পত্র জারির তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে লাইসেন্স সংক্রান্ত সকল ফি ও জামানত জমা প্রদান করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, রিক্রুটিং এজেন্সি 'নদী ট্রাভেলস ইন্টারন্যাশনাল' এর অনুকূলে নতুন রিক্রুটিং লাইসেন্স ইস্যু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ শাহীন) ২০/৩/১৯  
উপসচিব

ফোন-৪১০৩০২৫২

ইমেইল: sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- সহকারী প্রোগ্রামার (আইসিটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- স্বত্বাধিকারী, নদী ট্রাভেলস ইন্টারন্যাশনাল, গোপালনগর, সাহরাইল, সিঙ্গাইর, মানিকগঞ্জ।